

Akashbani Kolkata

Regional News Unit

Date: 15.10.2026

Time: 7.50 PM

DEO :- KB

Desk in Charge. KL

Edit & Compile : Sudip B.

NRT : Sudip Basu

Announcement - আকাশবাণী/খবর পড়ছি

বিশেষ বিশেষ খবরঃ-

১/ রাজ্যের নবগঠিত সপ্তম বেতন কমিশন সরকারি কর্মীদের বেতন কাঠামো পুনর্বিন্যাসের লক্ষ্যে কাজ শুরু করেছে। # সরকারি ও আধা সরকারি অফিসে নিযুক্ত কর্মবন্ধুদের পারিশ্রমিক বৃদ্ধি করেছে রাজ্য সরকার।

২/ ‘ওয়েস্ট বেঙ্গল হেলথ স্কিমের’ আওতায় কল্যাণী এইমস সহ আরো চারটি এইমস হাসপাতালকে আনা হয়েছে।

৩/ শারদীয়া দুর্গোৎসবের আজ পঞ্চমী। উৎসব মুখর গোটা রাজ্য।

মুর্শিদাবাদের লালবাগে দুর্গাপূজোর উদ্বোধন করে বাল্য বিবাহ রোধে কড়া বার্তা দিয়েছেন, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।

৪/ ইউনেস্কোর নামে দুর্গা পূজোর টিকিট বিক্রির মামলায়, রাজ্যের প্রাক্তন মন্ত্রী ইন্দ্রনীল সেনের আগাম জামিনের আবেদন, খারিজ করে দিয়েছে কলকাতা হাইকোর্ট।

৫/ প্রেসিডেন্সি বিশ্ববিদ্যালয়ে, স্বামী বিবেকানন্দের ছবির ওপর আপত্তিকর লেখার ঘটনায়, উচ্চশিক্ষা মন্ত্রী জগন্নাথ চট্টোপাধ্যায় কড়া ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছেন।

রাজ্যের নবগঠিত সপ্তম বেতন কমিশন সরকারি কর্মীদের বেতন কাঠামো পুনর্বিন্যাসের লক্ষ্যে কাজ শুরু করেছে। বিভিন্ন সরকারি দপ্তরের কর্মীদের বেতন, ভাতা, পদ, পরিষেবা ও ক্যাডার সংক্রান্ত বিস্তারিত তথ্য চেয়ে কমিশনের তরফে রাজ্যের অর্থসচিবকে চিঠি দেওয়া হয়েছে। শুধু সরকারি দপ্তরের কর্মীই নয়, শিক্ষক-শিক্ষিকর্মী, পঞ্চায়েত, পুরসভা-সহ রাজ্য সরকারের আর্থিক দায়ভার বহন করা বিভিন্ন সংস্থার কর্মীদের বেতন-ভাতা সংক্রান্ত তথ্যও চেয়েছে কমিশন। নির্ধারিত অনলাইন পোর্টালে নির্দিষ্ট ফর্ম্যাটে সংশ্লিষ্ট দপ্তরের দায়িত্বপ্রাপ্ত আধিকারিকদের এই তথ্য জমা দিতে হবে।

রাজ্য সরকার, বিভিন্ন সরকারি ও আধা সরকারি অফিসে নিযুক্ত কর্মবন্ধুদের পারিশ্রমিক বৃদ্ধি করেছে। অর্থ দপ্তর থেকে জারি হওয়া এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, আংশিক সময়কালীন কর্মবন্ধুদের মাসিক পারিশ্রমিক তিন হাজার টাকা করে বৃদ্ধি করে আট হাজার টাকা করা হল। চলতি মাস থেকেই তাদের এই পারিশ্রমিকের বর্ধিত হার কার্যকর হয়েছে।

রাজ্য সরকারি কর্মচারী এবং অবসরপ্রাপ্তকর্মীদের চিকিৎসা পরিষেবায় বড় পদক্ষেপ নিল সরকার। ‘ওয়েস্ট বেঙ্গল হেলথ স্কিমের’ আওতায় থাকা উপভোক্তারা এত দিন রাজ্যের বাইরে চিকিৎসার ক্ষেত্রে কেবলমাত্র নতুন দিল্লির ‘অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেস’ বা এইমস হাসপাতালে এই প্রকল্পের সুবিধা পেতেন। এবার সেই তালিকায় যুক্ত করা হল পশ্চিমবঙ্গের কল্যাণী এইমসকেও। পাশাপাশি প্রতিবেশী রাজ্যগুলির আরও চারটি এইমস হাসপাতালকেও এই প্রকল্পের আওতায় আনা হয়েছে। গত ১৪ অক্টোবর রাজ্যের অর্থ দপ্তরের মেডিক্যাল সেল থেকে এই সংক্রান্ত একটি সরকারি বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। বিজ্ঞপ্তি জারির দিন থেকেই এই নতুন নিয়ম কার্যকর হয়েছে বলে জানিয়েছে অর্থ দপ্তর।

শারদীয়া দুর্গোৎসবের আজ পঞ্চমী। বেশিরভাগ মন্ডপেই প্রতিমা এসে গেছে। সাজসজ্জাও প্রায় সম্পূর্ণ। রংবেরঙ এবং বিভিন্ন থিমের মন্ডপসজ্জা, চোখ ধাঁধানো আলোর সাজ এবং ঢাকের শব্দে উৎসব মুখর গোটা রাজ্য।

একটি প্রতিবেদন- (ভিসি- অভিরূপ)

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী মুর্শিদাবাদের লালবাগ বুধাসপাড়ায় দুর্গো পুজোর উদ্বোধন করে, বাল্য বিবাহ রোধে কড়া বার্তা দেন। তিনি জানান, গত ছ'মাসে জেলায় ৯'হাজার ৭০০ জন নাবালিকা, মা হয়েছেন।

(বাইট- শুভেন্দু)

এদিন তিনি কর্ণসুবর্ণে রেল দুর্ঘটনায় নিহত পরিযায়ী শ্রমিকদের পরিবারের হাতে আর্থিক সহায়তার চেক ও সিভিক ভলান্টিয়ারের নিয়োগ পত্র তুলে দেন।

এদিকে, বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য, এক ভিডিও বার্তায় পুজোর শুভেচ্ছা জানানোর পাশাপাশি সকলের সুস্থতা কামনা করেছেন।

বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু, রাজ্যে শারদোৎসবের দিনগুলিতে, শান্তি শৃঙ্খলা ও সম্প্রীতি রক্ষার আবেদন জানিয়েছেন।

রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন, প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার'ও।

রাজ্যের সরকারি আধা সরকারি দপ্তর ছাড়াও সব শিক্ষা প্রতিষ্ঠানে আজ পঞ্চমীতে পুজোর ছুটি শুরু হয়েছে। দুর্গা পুজোর পর লক্ষ্মীপূজো পর্যন্ত একটানা ১২ দিনের ছুটি কাটিয়ে আগামী ২৭শে অক্টোবর থেকে নিয়মিত কাজ শুরু হবে। এদিকে, পুজোর সপ্তমী, অষ্টমী অর্থাৎ রবি এবং সোমবার, রাজ্যের সব সরকারি হাসপাতালের বহির্বিভাগ বন্ধ থাকবে বলে প্রশাসনিক সূত্রে জানা গিয়েছে। তবে এই সময় সব হাসপাতালেই চালু থাকবে ইমারজেন্সি ওয়ার্ড।

ইউনেস্কোর নাম করে দুর্গা পুজোর টিকিট বিক্রির অভিযোগে দায়ের হওয়া মামলায়, রাজ্যের প্রাক্তন মন্ত্রী ইন্দ্রনীল সেন ও তার 'মাস আর্ট' সংস্থার সম্পাদক ধ্রুবজ্যোতি বোসের আগাম জামিনের আবেদন, কলকাতা হাইকোর্ট খারিজ করে দিয়েছে।

বিচারপতি তীর্থঙ্কর ঘোষ, ইন্দ্রনীলের পাশাপাশি, তার স্ত্রী মধুছন্দা সেনের ওই ‘মাস আর্ট’ সংস্থার ব্যাঙ্ক অ্যাকাউন্টের লেনদেনের তথ্য খতিয়ে দেখতে বলেছেন।

কলকাতার প্রেসিডেন্সি বিশ্ব বিদ্যালয়ে, স্বামী বিবেকানন্দের ছবির ওপর আপত্তিকর লেখার ঘটনায়, উচ্চশিক্ষা মন্ত্রী জগন্নাথ চট্টোপাধ্যায় কড়া ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছেন। আজ সিউড়িতে সাংবাদিকদের কাছে তিনি জানান, প্রেসিডেন্সি কর্তৃপক্ষ ইতিমধ্যেই একটি তদন্ত কমিটি গঠন করেছে। রিপোর্ট হাতে এলে পরবর্তী পদক্ষেপ করা হবে। এর জন্য ১৫ দিনের সময়সীমাও বেঁধে দিয়েছেন তিনি।

রাজ্যের বিভিন্ন বিশ্ব বিদ্যালয়কে পরিকল্পিতভাবে অস্থির করার চক্রান্ত চলছে বলেও তাঁর অভিযোগ।

(বাইট- মন্ত্রী জগন্নাথ)

জনসেবা থেকে দেশ সেবা এই মন্ত্রকে সামনে রেখে ২৫ বছরের দীর্ঘ রাজনৈতিক জীবনে মানুষের সেবায় নিরলসভাবে কাজ করে চলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। এই ধারাবাহিকতায় শুরু হয়েছে বিশেষ সিরিজ সেবা সংকল্প অভিযান।

আজকের বিষয়- প্রধানমন্ত্রী কৃষি সন্মান নিধি বা ‘PM কৃষি’।

একটি প্রতিবেদন – (ভয়েসকাস্ট- কাশফিন)

কলকাতার ‘সত্যজিৎ রায় ফিল্ম অ্যান্ড টেলিভিশন ইন্সটিটিউট’ SRFTI-এর উপাচার্য সন্তোষ আজমেরার দপ্তরে ভাঙচুর ও এক পড়ুয়ার বিরুদ্ধে তাঁকে হেনস্থার অভিযোগ উঠেছে। এই ঘটনায় জড়িতদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার কথা জানিয়েছেন উপাচার্য। প্রেস বিবৃতি অনুযায়ী, গতরাত থেকে আজ সকালের মধ্যে তাঁর দপ্তরে ভাঙচুর চালানো হয়। এই ঘটনার প্রতিবাদে প্রতিষ্ঠানের বিভাগীয় প্রধান ও বিভিন্ন শাখার আধিকারিকরা উপাচার্যের বৈঠক কক্ষে জড়ো হন। এরপর একদল পড়ুয়া তাঁকে ঘিরে ধরে বিক্ষোভ দেখাতে শুরু করে। এদের মধ্যে একজন উপাচার্যকে শারীরিকভাবে

নিগ্রহ কর বলেও অভিযোগ। উপাচার্য এই ঘটনাটিকে অনভিপ্রেত এবং দুর্ভাগ্যজনক বলে উল্লেখ করেছেন।

উত্তর ২৪ পরগণার সন্দেশখালির প্রাক্তন বিধায়ক সুকুমার মাহাতোর গাড়ির ধাক্কায় দুজনের মৃত্যুর ঘটনায় গাড়ির চালককে আজ গ্রেপ্তার করেছে পুলিশ। মানোয়ার মোল্লা নামে ওই ব্যক্তিকে ন্যাজাটের একটি গোপন ডেরা থেকে পুলিশ পাকড়াও করে বলে জানা গেছে। আজ তাকে বসিরহাট মহকুমা আদালতে তোলা হলে ১৪ দিনের জেল হেফাজত হয়েছে।

রাজ্য থেকে আনুষ্ঠানিকভাবে বর্ষা বিদায় নিলেও উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত একটি নিম্নচাপ অক্ষরেখার কারণে উপকূলবর্তী এলাকাগুলিতে আগামী শনিবার ১৭ তারিখ পর্যন্ত বিক্ষিপ্তভাবে বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর।

দপ্তরের প্রধান ডক্টর হাবিবুর রহমান বিশ্বাস আকাশবাণীকে জানানেন-

(বাইট- হাবিবুর রহমান)
